

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.২৩.২০২২. ৫৬৫

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব এ বি এম জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল, প্রাক্তন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাথরঘাট, বরগুনা এর বিরুদ্ধে এলাকার শিক্ষকবৃন্দের নিকট বিভিন্ন সময়ে বিভিন্ন উপায়ে অর্থ দাবী করা, রাষ্ট্রীয় প্রোগ্রাম ১৫ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠানে যোগদান না করা, সরকারি নির্দেশনা অমান্য করে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব নুরুল আলম, প্রধান শিক্ষক, পাথরঘাটা কে এম মডেল মাধ্যমিক বিদ্যালয়ের এমপিওভুক্তি না করার নির্দেশনা থাকলেও তার জালজালিয়াতিপূর্ণ কাগজপত্র, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা বরগুনা এর প্রতিস্বাক্ষর ব্যতিরেকে বিদ্যালয়ের সভাপতি কর্তৃক স্বাক্ষরিত কাগজপত্রসহ এমপিওভুক্তির অনলাইন আবেদন জেলা শিক্ষা অফিসার বরাবর অগ্রায়ন করা এবং করোনাকালীন সময়ে সরকারি নির্দেশনা অমান্য করে অফিসে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব এ বি এম জাহিদ হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।



(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ১১(এগারো) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব এ বি এম জাহিদ হোসেন

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল।

স্থায়ী ঠিকানা:

জনাব এ বি এম জাহিদ হোসেন

পিতা: এ.কে.এম মোস্তার হোসেন আকন্দ


নিশি ক্যাসেল, লেচুশাহ সড়ক

মুসলিম গোরস্থান, বরিশাল।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব